



আমি একটি কবিতা লিখবো
যে কবিতা পড়ে বিশ্বকবির সাড়ে সাত থেকে
ত্রিশ কোটি বাঙ্গালী মানুষ হবে।
যে কবিতা শুনে অন্ধের দৃষ্টি খুলে যাবে।
যে কবিতা দেখে বধির স্পর্শ শুনতে পাবে।
বিদ্রহী কবির শিকল ভাঙার বাসনা পূর্ণ হবে।
যে কবিতা পড়ে পঙ্কু ঘুরবে-ফিরবে হেঁটে
যে কবিতা শুনে অলস খাবে-পড়বে খেটে।
যে কবিতা পড়ে দুর্বল চিত্ত,
প্রতিবাদে হবে ক্ষিপ্ত।
যে কবিতা পড়ে সন্ত্রাসী ছেড়ে দেবে সন্ত্রাস,
সবাই নেবে মুক্তবিশ্বে নিশ্বাস-প্রশ্বাস।
পুরোহিত, মোলোভি, পাদ্রী করবেনা ধর্ম চুরি,
যে কবিতা পড়ে যুবতি হবে থুত্থুরি বুড়ি।
যে কবিতা পড়ে রাজনির্তীবাদ করবেনা আর পলিটিক্স নিয়ে ট্রিক্স,
বিশ্বভূমি একই মানচিত্র, থাকবেনা কোন রিক্স।
সবচেয়ে বেশী দুর্নির্তীবাজ সরকারী কর্মকর্তা,
যে কবিতা শুনে জনতা তাদের করবে আলু ভর্তা।
মানুষের ক্ষুধার খাবার নিয়ে যারা গড়ে সিভিকিট,
ও কবিতাটা তাদের মরণযন্ত্র গুতিয়ে ফাটাবে পেট।
ভন্ডপীর, প্রতারক সাধু, যত দুর্নির্তীবাজ,
কবিতাটা যেন তাদের মাথায় ভেঙে পড়বে বাজ।
যে কবিতাটা হবে অসহায়ের সহায়, অন্ধের যষ্ঠী,
পালিয়েও কুল পাবেনা যত দূর্বৃত্ত গোষ্ঠী।
সর্বহারার হারানো ধনের, খোঁজ পাবে যে কবিতাতে,
ধর্ম, বর্ণ, গোত্র ছেড়ে, সবায় আসবে মানবতাতে।
হারানো আশা ফিরে পাবে যত হতাশাগ্রস্তের দল,
যে কবিতার মাঝে লুকিয়ে থাকবে, সমতার যোগ-ফলাফল।
সে কবিতাটা আমি, যদি লিখে যেতে না পারি,
তোমরা কবিরা লিখ সেটা অতী যত্ন করি।

পুরানো লেখার জন্যে এখানে [টোকামারুন](mailto:ekushebetarsydney@hotmail.com), E-mail: ekushebetarsydney@hotmail.com